

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
পাবনা সদর, পাবনা।

স্মারক নং : ৩১.৪৩.৭৬৫৫.০০৬.০৩.০৫৭.২০২২.২১১১

তারিখঃ ০৬/০৯/২০২২ খ্রিঃ।


প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা কাঠ ব্যবসায়ীসহ সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক পাবনা মহোদয়ের গত ২৪/০৬/২০২২ খ্রিঃ তারিখের পুরাতন মালামাল/গাছ নিলামের বিক্রয় সংক্রান্ত জেলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক পাবনা সদর উপজেলাধীন পৌর ভূমি অফিসের অধীন আটুয়া মৌজার বি.আর.এস ০১ নং খতিয়ানের ১০৩ নং দাগের উপর সার্কিট হাউজের সীমানা প্রাচীরের মধ্যে ০২ (দুই) টি মরা আম গাছ রয়েছে যার সম্ভাব্য মূল্য ১,৩৫০/- (এক হাজার তিনশত পঞ্চাশ) টাকা ও আটুয়া মৌজার বি.আর.এস ০১ নং খতিয়ানের ১০৪ নং দাগের উপর জেলা প্রশাসকের বাসভবনে ১২(বার) খন্ড কৃষ্ণচূড়া, ০১(এক) টি মরা লিচু গাছ, ০১(এক) টি মরা নারিকেল গাছ ও ০১(এক) টি মরা সেগুন গাছ এবং একই মৌজার বি.আর.এস ০১ নং খতিয়ানের ১০৩ নং দাগের উপর সার্কিট হাউজের সীমানা প্রাচীরের মধ্যে কৃষ্ণচূড়া ১০(দশ) খন্ড ও মরা কড়ই গাছ ০১ (এক) টি গাছ রয়েছে যার সম্ভাব্য মূল্য ২,৫৫০/- (দুই হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা সর্বমোট মূল্য ৩,৯০০/- (তিন হাজার নয়শত) টাকা। উক্ত মরা গাছগুলি নিলাম ডাকের জন্য আগামী ১৪/০৯/২০২২ খ্রিঃ তারিখে বেলা ১১:০০ ঘটিকার সময়, সহকারী কমিশনার (ভূমি) পাবনা সদর, পাবনা কার্যালয়ে নিম্নলিখিত শর্ত স্বাপেক্ষে প্রকাশ্য নিলাম ডাক বিক্রয় করা হবে।

বর্ণিত স্থান তারিখ ও সময়ে অগ্রহী ব্যক্তিবর্গকে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

শর্তাবলীঃ-

- ০১। নিলাম ডাকের পূর্বে অংশগ্রহণকারীকে জামানত হিসাবে ১,০০০/- (এক হাজার) টাকা জমা দিতে হবে যা ফেরতযোগ্য।
- ০২। নিলাম ডাক শেষে সর্বোচ্চ ডাককারীকে ডাকের সমুদয় টাকা ডাক টেবিলে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ০৩। নিলাম ডাককারীকে নিলাম ডাকের উপর সরকারী নিধি মোতাবেক ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রদান করতে হবে।
- ০৪। সম্ভাষণজনক সর্বোচ্চ নিলাম ডাককারীকে নিলাম ডাকের ০৭(সাত) দিনের মধ্যে নিজ খরচে উক্ত গাছ সরাইয়া নিতে হবে।
- ০৫। গাছ সরানোর সময় কোন প্রকার ক্ষতি হলে সর্বোচ্চ ডাককারীকে তার দায়িত্ব বহন করতে হবে।
- ০৬। নিলাম ডাকের বিষয়ে সকল ক্ষেত্রে কতৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হবে।


০৬/০৯/২২
তাহমিনা আক্তার দেইনা
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি

পুরাতন মালামাল/গাছ নিলাম বিক্রয় কমিটি
পাবনা সদর, পাবনা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ০১। জেলা প্রশাসক, পাবনা।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা।
- ০৪। অফিসার-ইন-চার্জ, পাবনা সদর থানা, পাবনা।
- ০৫। উপজেলা কর্মকর্তা, পাবনা সদর, পাবনা।
- ০৬। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ, পাবনা সদর, পাবনা।
- ০৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা পৌর/ইউনিয়ন ভূমি অফিস, পাবনা সদর, পাবনা।
বিজ্ঞপ্তি তাতে ব্যাপক প্রচারের জন্য সকল হাটপাড়া/সহ গুরুত্বপূর্ণ স্থানে ঢোল শব্দে প্রচার করা হবে।
জারীর প্রতিবেদন আবেদনপত্র দাখিলের ০৩(তিন) দিন পূর্বে অত্র অফিসে দাখিলের জন্য বলা হলো।
- ০৮। নোটিশ বোর্ড।
- ০৯। অফিস কপি।